গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সিরাজগঞ্জ সরকারি কলেজ,সিরাজগঞ্জ
ফোন- ০২৫৮৮৮৩০২৪৩ (কলেজ), ০২৫৮৮৮৩১০৬৮ (বাসা)
ই-মেইল-srgovc@gmail.com,website- www.srgc.edu.bd
EIIN NO. 128461, কলেজ কোড নং- ৩৭৫০
মোবাইল নং- ০১৭৯০-৬৪৭৭০২, ০১৩০৯-১২৮৪৬১

স্মারক নং-সিসক/ ৫৩১৮/২০২৫ তারিখঃ ০৪/০৯/২০২৫ খ্রি.

## ২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৫-২৬ শিক্ষাবর্ষে সিরাজগঞ্জ সরকারি কলেজ, সিরাজগঞ্জ-এ একাদশ শ্রেণিতে ভর্তির জন্য রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃক মনোনীত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম আগামী ০৭/০৯/২০২৫ খ্রি. তারিখ থেকে ১১/০৯/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত চলবে। ভর্তির জন্য শাখাওয়ারী প্রয়োজনীয় ফি'এর পরিমাণ নিম্নরূপ:

অনলাইন ফি ব্যতিত

| শাখা | ছাত্র | ছাত্রী |
|---|---|---|
| বিজ্ঞান | ৩১৮০/- | ২৯৪০/- |
| মানবিক | ৩০৮০/- | ২৮৪০/- |
| ব্যবসায় শিক্ষা | ৩০৮০/- | ২৮৪০/- |

বি.দ্র. কলেজ থেকে সরবরাহকৃত শিক্ষা-উপকরণসমূহের মূল্য (ভর্তি নির্দেশিকা, ব্যাচ, ফাইল প্রভৃতি) পৃথকভাবে দিতে হবে।

কলেজে ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীকে কলেজের ভর্তি কমিটির নিকট হতে ভর্তি ফরম ও শিক্ষা উপকরণ সংগ্রহ করে যথাযথ ভাবে ভর্তি ফরম পূরণের পর পূরণকৃত ফরমটি ফরম গ্রহণের স্থান হতে যাচাই করতে হবে। এরপর ভর্তি ফি বাবদ শুধুমাত্র শিওরক্যাশ-এর মাধ্যমে জমা দিয়ে ভর্তি রশিদের এক কপি কলেজ অফিসে জমা দিতে হবে। যাচাইকৃত ফরম নিম্নলিখিত কাগজপত্রসহ জমা দিতে হবে।

**# ভর্তির সময় প্রয়োজনীয় কাগজপত্রাদি:**

১। অনলাইন আবেদন নিশ্চয়ন ফরম-এর এক কপি।
২। এসএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট অথবা অনলাইন নম্বরপত্র
(এসএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট না থাকলে এসএসসি পরীক্ষার মূল এডমিট কার্ড ও রেজি. কার্ড)।
৩। সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি- দুই কপি।
৪। অনলাইনে পূরণকৃত শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদের এক কপি এবং পিতা ও মাতার এনআইডি কার্ডের ফটোকপি- একটি।
৫। ভর্তির জন্য কোটায় নির্বাচিত শিক্ষার্থীর কোটার স্বপক্ষে প্রমাণপত্র একটি।
৬। ভর্তি ফরমের উপরে ডান কর্ণারে একটি সচল হোয়াটস এ্যাপ মোবাইল নম্বর লিখে দিতে হবে।

(বি.দ্র. আইডি কার্ড তৈরির জন্য কলেজ ড্রেস পরিহিত অবস্থায় পাসপোর্ট সাইজের দুই কপি রঙিন ছবি, ভর্তি হওয়ার পরবর্তী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে একাদশ শ্রেণির ভর্তি ও মনিটরিং কমিটি'র নিকট জমা দিতে হবে)।

কোটায় নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির সময় কোটার স্বপক্ষে প্রামাণ্য মূল সনদপত্র প্রদর্শন করতে হবে এবং সনদপত্রের একটি সত্যায়িত ফটোকপি ভর্তি ফরমের সাথে জমা দিতে হবে।

**বি.দ্র.-**

**১। ক্লাস শুরুর তারিখ: ১৫ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি.।**
**২। শিক্ষার্থীদের ন্যূনতম ৮০% ক্লাসে উপস্থিতি বাধ্যতামূলক।**
**৩। পরবর্তীতে চাহিবামাত্র এসএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট কলেজ অফিসে জমা দিতে হবে।**

০৪/০৯/২৫
প্রফেসর মো. আমিনুল ইসলাম
আইডি নং- ৫০০১
অধ্যক্ষ
সিরাজগঞ্জ সরকারি কলেজ, সিরাজগঞ্জ

Board